# উপজেলা পরিষদের নভেম্বর/২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী

**সভাপতি ঃ মুজাহিদুর রহমান হেলো সরকার**
**চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার ,নারায়ণগঞ্জ**
**স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ**
**তারিখ ঃ ১২/১১/২০২০ সকাল ১১.০০ ঘটিকা**

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযোজিত (স্বাক্ষরের ক্রমানুসারে)

মুজাহিদুর রহমান হেলো সরকার এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয় এবং সভার শুরুতে সভাপতি মাননীয় জাতীয় সংসদ সদস্য,নারায়ণগঞ্জ-২, মহোদয়কে সভার পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন জানান। অত:পর উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করা হয়।

**গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ**

উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ মহোদয় নভেম্বর/২০২০ মাসের মাসিক সভার কার্যক্রম শুরু করেন। অক্টোবর/২০২০ মাসের সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত সমূহ সভায় পাঠ করে শুনান এবং কার্যবিবরণীতে কোনরুপ সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

**১. স্বাস্থ্য বিভাগঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| আড়াইহাজার উপজেলার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, **কমিউনিটি ক্লিনিক কার্যক্রম ঃ** সভায় কমিউনিটি ক্লিনিকের রোগীর রিপোর্ট, মা ও শিশু সেবা এবং কমিউনিটি ক্লিনিকে স্বাস্থ্য শিক্ষা নিয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, অক্টোবর/২০২০ইং মাসে ৩৬টি কমিউনিটি ক্লিনিকে মোট-২৭২৩৬জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। নরমাল ডেলিভারী করা হয়েছে মোট- ০১ জন এবং ৯৫৭ জন রোগীকে উন্নত চিকিৎসার জন্য রেফার করা হয়েছে।<br>সভায় কমিউনিটি ক্লিনিকগুলোর কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় দেখা যায় যে, কয়েকটি কমিউনিটি ক্লিনিকের অনলাইনে ডাটা এন্ট্রি সন্তোষজনক নয় এবং ডাটা এন্ট্রিতে কাউন্সিলিং ও অন্যান্য সেবা সঠিকভাবে এন্ট্রি করা হয় না। তাছাড়া নরমাল ডেলিভারীর সংখ্যাও খুব কম তাই সভাপতি মহোদয় সকল সিএইচসিপিকে ডাটা এন্ট্রি সঠিকভাবে করার জন্য এবং নরমাল ডেলিভারীর সংখ্যা বৃদ্ধির জন্য নির্দেশ প্রদান করেন।তিনি আরও জানান যে, এ,ই,এফ,আই ও সন্দেহ জনক।<br>হামের রোগী সনাক্ত করে হাসপাতালে প্রেরন পূর্বক বিনা মূল্যে সুষ্ঠু চিকিৎসার ব্যবস্থা করা যায় তাহলে মাঠ কর্মীদের দ্বারা যে, ইপিআই কাজ সম্পাদিত হয় তাহার প্রতি জনগনের আস্থা বৃদ্ধি পাবে। অক্টোবর/২০ইং মাস পর্যন্ত এ,এফ,পি রির্পোটি করা হয়েছে - ০৪টি রোগী, সন্দেহ জনক হামের রোগী রির্পোটি করা হয়েছে - ০৫টি, এবং এ,ই,এফ,আই রির্পোটি করা হয়েছে - ০। | সভায় বিস্তারিত আলোচনান্তে<br>১। যে সকল সিসির অনলাইনে ডাটা এন্ট্রি কম তাদেরকে ডাটা এন্টি বাড়ানোর সঠিক ভাবে এন্ট্রি করনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়<br>২। কমিউনিটি ক্লিনিকের নরমাল ডেলিভারীর সংখ্যা বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>৩। আগামী মাসে কমপক্ষে প্রত্যেকটি ইউনিয়নের ১টি সিসিতে নরমাল ডেলিভারী করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৪। রেজিষ্ট্রেশনের সময় প্রতিটি মাঠ কর্মীকে টিকা পরবর্তী বিরূপ প্রতিক্রিয়ার কোন শিশু পাওয়া গেলে তাহার তড়িৎ ব্যবস্থা গ্রহন ও সন্দেহ জনক হামের রোগী সনাক্ত করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স প্রেরণ ও রিপোর্ট করার জন্য অনুরোধ জানান। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আড়াইহাজার। |

**০২. উপজেলা প্রাণিসম্পদ ঃ**

| **আলোচনা** | সিদ্ধান্ত | **বাস্তবায়ন** |
|---|---|---|
| উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় নভেম্বর/২০২০ মাসের মাসিক সভায় নিম্নোক্ত বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন<br>১। কৃত্রিম প্রজনন ঃ ১২৯৫<br>২।টিকা প্রদান (গবাদি পশু ) ঃ ৩৯৯৪<br>৩। টিকা প্রদান (পোল্ট্রি ) ঃ ৫৩৪০০<br>৪। গবাদি পশুর চিকিৎসা ঃ ১০৯৩<br>৫।পোল্ট্রি চিকিৎসা ঃ ৪৮২৯০<br>৬। ডেইরী ও পোল্ট্রি খামারের জীব নিরাপত্তা নিশ্চত করার বিষয়ে নিবিড় পর্যবেক্ষণ করা হচ্ছে।<br>৭। অন্যান্য বিভাগীয় সম্প্রসারণমূলক কাজ সুষ্ঠভাবে চলছে। | ১. সভায় বিস্তারিত আলোচনান্তে আড়াইহাজার উপজেলার প্রাণিসম্পদ কর্মকর্তাকে তার বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পালন করার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আড়াইহাজার। |

০৩.উপজেলা মৎস্য বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে,<br>১. জাটকা সংরক্ষণ কার্যক্রম/২০২০ খ্রিঃ (১লা নভেম্বর থেকে ৩০ জুন) পর্যন্ত মোট ০৮ মাস জাটকা আহরণ, পরিবহন, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয়, মজুদ ও বিনিময় নিষিদ্ধ জাটকা সংরক্ষণ কার্যক্রমের জন্য অভিযান পরিচালনা বিভিন্ন বাজার পরিদর্শন ও লিফলেট প্রচার করা হয়।<br>২. ২৮ জন চাষীদের খামার পরিদর্শন পানি পরিক্ষা ও প্রয়োজনীয় পরার্মশ প্রদান।<br>৩. উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে। | ১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কে এ ধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, আড়াইহাজার। |

০৪. কৃষি বিভাগঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি রবি মৌসুমে বোরো ধান ১০১০৭ হেঃ আবাদের লক্ষ্যমাত্রা প্রদান করা হয়েছে। এর মধ্যে হাইব্রিড ১৭ হে., উফশী ৯৯৯ হে. এবং স্থানীয় ১০০ হে.। রোপা আমন ধান কর্তন শুরু হয়েছে। কৃষকদের মাঠ পর্যায়ে পরামর্শ প্রদান করা হচ্ছে। মাঠে অন্যান্য রবি শস্য ও শাকসবজি আবাদ শুরু হয়েছে। মাঠের সার্বিক কার্যক্রম সন্তোষজনক।<br>বোরো আবাদ ও উৎপাদন বৃদ্ধিতে আধুনিক প্রযুক্তি ব্যবহার যেমন সঠিক বয়সের চারা রোপন , লাইনে চারা রোপন , লগো পদ্ধতি অনুসরণ ,পার্চিং , আলোক ফাঁদ স্থাপন ,এডাবিইউডি পদ্ধতি অনুসরন এসব বিষয়ে বন্টন ওয়ারী লক্ষ্যমাত্রা প্রদান করে কার্যক্রম গ্রহনের জোর কার্যক্রম চলছে। ১৬৫০ জন কৃষকের মাঝে পুনর্বাসিন সহায়তা বিতরন করা হয়েছে। ১৭৮৫জন কৃষকের মাঝে প্রনোদনা বিতরণ করা হয়েছে। বোরো হাইব্রিড শুধু বীজ সহায়তা হিসেবে ২০০০ জন কৃষকের জন্য ২ কেজি করে শুধু বীজ সহায়তা প্রনোদনা এসেছে। উক্ত প্রনোদনা বিতরণের জন্য কার্যক্রম চলছে। বিভিন্ন ফসলের বীজ, রাসায়নিক সার এবং বালাইনাশক পর্যাপ্ত পরিমান মজুদ আছে | সভায় বিস্তারিত আলোচনান্তে আড়াইহাজার উপজেলার কৃষি কর্মকর্তাকে এ ধারা অব্যাহত রাখার অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মর্কতা আড়াইহাজার,নারায়ণগঞ্জ। |

০৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তার দপ্তরের কার্যক্রম সভায় উপস্থাপন করেন যাহা নিম্নরুপঃ<br>১. ৬ষ্ঠ শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত অনলাইনে শ্রেণির পাঠদান ও অন্যান্য কার্যক্রম পরিচালনা।<br>২. ই-জিনিয়াস এ শিক্ষা প্রতিষ্ঠান এবং শিক্ষার্থীর রেজিস্ট্রেশন করার জন্য স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশ প্রদান করা হয়।<br>৩. ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা পর্যায়ে স্থানীয়ভাবে উদ্ভাবিত লাগসই প্রযুক্তি প্রয়োগ ও সম্প্রসারণ শীর্ষক সেমিনার ও প্রদর্শনী প্রতিযোগিতা সম্পন্ন করা হয়।<br>৪. সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতাভূক্ত ২০২০ সালের ৬ষ্ঠ ও ৯ম শ্রেণির উপবৃত্তি প্রদানের লক্ষ্যে অনলাইনে যোগ্য শিক্ষার্থীর ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রেরণ এবং নির্বাচিত শিক্ষার্থীদের নামের তালিকা প্রেরণের জন্য স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশ প্রদান করা হয়।<br>৫. সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতাভূক্ত প্রতিষ্ঠানকে ২০১৯ সালের ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদানের লক্ষ্যে বিকাশ প্রতিনিধির সাথে যোগাযোগ করে একাউন্ট খোলার জন্য স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশ প্রদান করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য বিভাগীয় কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আড়াইহাজার। |

**০৬. উপজেলা প্রাথমিক শিক্ষা ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় প্রাথমিক শিক্ষা অফিসার তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন:<br>১. ২০২১ সালের বই বিতরণ<br>২. প্রাথমিক বিদ্যালয়ের ডাল পালা কর্তন<br>৩. শিক্ষার্থীদের বার্ষিক মূল্যায়ন<br>৪. শিক্ষার্থীরা যাতে করোনার মধ্যে নিজেদের স্বাস্থ্য সর্ম্পকে সচেতন থাকে হাত ধোয়া হ্যান্ড স্যানেটাইজার ব্যবহার করে তা নিয়ে আলোচনা করা।<br>৫. শিক্ষার্থীরা যাতে সংসদ টিভির পাঠদান গুলো দেখে তা নিয়ে আলোচনা করা । | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য বিভাগীয় কর্তৃপক্ষকে অনুরোধ করা হয় । | ১। উপজেলা.শিক্ষা, অফিসার,আড়াইহাজার |

**০৭. সমাজসেবা ঃ**

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা নভেম্বর/২০২০ মাসের মাসিক সভায় উপস্থাপন করেন যাহা নিম্নরুপ ঃ<br>১। আড়াইহাজার উপজেলায় বিভিন্ন ধরনের প্রতিবন্ধীদের সার্বিক কল্যানার্থে দুইটি সংস্থা গঠন করা হয় এবং পরবর্তীতে সমাজসেবা অধিদফতরের আওতায় নিবন্ধভূক্ত হয়। জাতীয় সমাজ কল্যান পরিষদ হতে সাতগ্রাম প্রতিবন্ধী কল্যাণ সমিতির নামে ২০১৯-২০২০ অর্থ বছরে ২৭,০০০/- টাকা এককালীন অনুদান প্রদান করা হয়।<br>২। ২০২০-২০২১ অর্থ বছরে অসচ্ছল প্রতিবন্ধী ভাতা বিতরণ কার্যক্রম ৩০৬৯ জনকে মাসিক ৭৫০/- টাকা হারে জুলাই/২০ হতে সেপ্টেম্বর পর্যন্ত মোট ৬৯০৫২৫০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে এবং বিতরণ প্রক্রিয়াধীন রয়েছে। ২১৭ জন প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের মাঝে ২০২০-২০২১ অর্থ বছরে জুলাই/২০ হতে সেপ্টেম্বর/২০২০ পর্যন্ত শিক্ষা উপবৃত্তি হিসাবে ৫১০৯০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে এবং বিতরণ প্রক্রিয়াধীন। প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও মর্যাদার সচেতনতা সৃষ্টি করা । উপজেলার ৩৪৫০ জন প্রতিবন্ধী জরিপ কার্যক্রম সমাপ্তির পর ডাক্তার কর্তৃক শনাক্ত করে ডাটা এন্ট্রির কাজ সম্পন্ন করা হয়েছে।<br>৩। প্রতিবন্ধী শিক্ষার্থীদের ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রমের আওতায় ২১৭ জন প্রতিবন্ধী শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদান কার্যক্রম চলমান আছে। ৩৭ জন দলিত হরিজন ও বেদে জনগোষ্ঠির ছেলে-মেয়েদেরকে শিক্ষা উপবৃত্তি প্রদান করা হয়।<br>৪। শিশু কিশোরদের শারিরীক ও মানসিক বিকাশের লক্ষ্যে বিজ্ঞান মনস্কতা জাগিয়ে তোলা।<br>সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় নিম্নরুপ ঃ
<table>
<tr><th>ক্র:নং</th><th>কার্যক্রমের বিবরণ</th><th>ভাতাভোগীর</th><th>১ম কিস্তি(জুলাই -জুন/২০ পর্যন্ত) বরাদ্দকৃত অর্থ।</th><th>১ম কিস্তি (জুলাই-জুন/২০ পর্যন্ত) বিতরনকৃত অর্থ।</th></tr>
<tr><td>১.</td><td>বয়স্ক ভাতা</td><td>১১৪৫৭</td><td>ঐ</td><td>ঐ</td></tr>
<tr><td>২.</td><td>বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা।</td><td>৩০১৪</td><td>ঐ</td><td>ঐ</td></tr>
<tr><td>৩.</td><td>অসচ্ছল প্রতিবন্ধী ভাতা</td><td>৩০৬৯</td><td>ঐ</td><td>ঐ</td></tr>
<tr><td>৪.</td><td>প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি।</td><td>১১৭</td><td>ঐ</td><td>ঐ</td></tr>
<tr><td>৫.</td><td>দলিত,হরিজন ও বেদে সম্প্রদায় বয়স্ক ভাতা।</td><td>৬২</td><td>ঐ</td><td>ঐ</td></tr>
<tr><td>৬.</td><td>দলিত,হরিজন ও বেদে সম্প্রদায় শিক্ষা উপবৃত্তি।</td><td>৩৭</td><td>ঐ</td><td>ঐ</td></tr>
</table>
</td><td>০১। বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য বিভাগীয় কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা সমাজসেবা অফিসার আড়াইহাজার</td></tr>
</table>

০৮.প্রকৌশল বিভাগ ঃ

| | | |
|---|---|---|
| (ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২০-২০২১ ইং অর্থ বৎসরে উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) আওতায় ১ম ও ২য় কিস্তিতে মোট = ৩৩,৯৮,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ০৪ (চার) কিস্তিতে সম্ভাব্য বরাদ্দ ৬৭,৯৬,০০০/- (সাতষট্টি লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকাসহ ২০২০-২০২১ অর্থ বৎসরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিষদ প্রকল্প যাচাই-বাছাই কমিটি কর্তৃক নিম্নে বর্ণিত চূড়ান্ত বাছাইকৃত প্রকল্পসমূহ সভায় উপস্থাপন করা হয়। বাছাইকৃত প্রকল্পসমূহের প্রাক্কলনসমূহ প্রস্তুতের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (চ) সভায় বিস্তারিত আলোচনান্তে, ২০২০-২০২১ ইং অর্থবছরে উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ২০২০-২০২১ অর্থ বৎসরের যাচাই-বাছাইকৃত প্রকল্প সমূহের প্রাক্কলনসহ প্যাকেজ প্রস্তুতপূর্বক পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১।চেয়ারম্যান,উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী, আড়াইহাজার,নারায়ণগঞ্জ। |

বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ২০২০-২০২১ এর আওতায় প্রস্তাবিত স্কীমের তালিকা

| ক্রঃনং | স্কীমের নাম |
|---|---|
| ০১ | বারৈপাড়া বাংলা মসজিদ পাকা রোড ভায়া খালপাড় রফিকুলের বাড়ির রাস্তা পাকা করণ ও ড্রেন নির্মাণ |
| ০২ | খাগকান্দা ইউনিয়নের শান্তির বাজার মাছের সেড পূনঃ নির্মাণ |
| ০৩ | খাগকান্দা ইউনিয়নের নয়নাবাদ বাজারে পাবলিক টয়লেট নির্মাণ |
| ০৪ | খাগকান্দা ইউনিয়নের নয়নাবাদ বাজার মাছের সেড পূনঃ নির্মাণ |

উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ২০২০-২০২১ এর আওতায় প্রস্তাবিত স্কীমের তালিকা

| ক্রঃনং | স্কীমের নাম |
|---|---|
| ০১ | আড়াইহাজার উপজেলাধীন সফর আলী কলেজ উন্নয়ন |
| ০২ | আড়াইহাজার উপজেলাধীন (ক) উচিৎপুরা ইউনিয়নের জাঙ্গালিয়া বাজার হইতে এডঃ সেলিম সাহেবের বাড়ির রাস্তা পাকা করণ (১১০ মিঃ)<br>(খ) সাতগ্রাম ইউনিয়নের রসুলপুর ডাঃ সানাউল্লাহ এর বাড়ির রাস্তায় মাদ্রাসা সংলগ্ন পুকুরে গাইড ওয়াল নির্মাণ (২৫ মিঃ) |
| ০৩ | আড়াইহাজার উপজেলাধীন (ক) ব্রাক্ষন্দী ইউনিয়নের মারুয়াদী পাকা সড়ক হইতে ফৈজদ্দীনের বাড়ির রাস্তা পাকা করণ (৭৫ মিঃ)<br>(খ) মারুয়াদী পাকা রাস্তা হইতে বেদন সাহেবের বাড়ির রাস্তা পাকা করণ (৬০মিঃ)<br>(গ) ফাউসা আরএইচ ডি হইতে জব্বর মিয়ার বাড়ির রাস্তা পাকা করণ (৩০মিঃ) |
| ০৪ | খাগকান্দা ইউনিয়নের নয়নাবাদ বাজারের ড্রেন নির্মাণ |
| ০৫ | চম্পক নগর কবিরদের বাড়ির পার্শ্বে ঘাটলা নির্মাণ |
| ০৬ | নয়নাবাদ গ্রামের গোলাপের বাড়ির নিকট নদীতে ঘাটলা নির্মাণ |
| ০৭ | সিংহদী বাজারের অভ্যান্তরীন সড়ক সিসি দ্বারা উন্নয়ন |
| ০৮ | জালাকান্দি শিকদার বাড়ি জামে মসজিদ হতে বাজার বাজার হয়ে খাল পর্যন্ত ড্রেনের অবশিষ্টাংশ নির্মাণ |

**উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় প্রস্তাবিত স্কীমের তালিকা ঃ**

| ক্রঃনং | প্রকল্পের নাম |
|---|---|
| ০১ | ক)বিনায়েরচর দক্ষিন পাড়া গ্রামে পানি নিস্কাশন ড্রেন নির্মাণ<br>খ) আড়াইহাজার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর জন্য যন্ত্রপাতি সরবরাহ |
| ০২ | বিশনন্দী ইউনিয়নের মেঘনা নদীর তীরে ফেরীঘাটে পাবলিক টয়লেট নির্মাণ |
| ০৩ | চন্ডীবরদী নয়নাবাদ ও দুপ্তারা কমিউনিটি ক্লিনিক মেরামত ও স্যানিটেশন ব্যবস্থা উন্নয়ন |